

রাজহংসী  
এবং তার  
সোনার ডিম



অনেকদিন আগে এক গ্রামে কৃষকের  
অদ্ভুত এক রাজহংসী ছিল। অদ্ভুত ঐ  
হংসী প্রতিদিন একটা  
করে সুন্দর চকচকে সোনার ডিম  
পাড়ত। যা প্রায় অকল্পনীয়।





চাষী প্রতিদিন ঐ একটা করে  
সোনার ডিম বাজারে নিয়ে যেত  
আর বিক্রি করে আসত। এইভাবে  
সে ধীরে ধীরে বড়লোক হতে  
শুরু করল।





দিন যায় রাত যায়। কিন্তু  
লোভী চাষীর মনে খুশি  
নেই। এত ধীরে ধীরে  
বড়লোক হওয়া তার  
মোটেও পছন্দ নয়। কারণ  
তার পোষা হংসী প্রতিদিন  
কেবল একটা করেই ডিম  
দেয়। অথচ মনে মনে তার  
তাড়াতাড়ি বড়লোক হবার  
ইচ্ছা।





একদিন সব টাকাপয়সা গুনে চাষী যখন দাওয়ায় জিরোতে বসেছে তখন মাথায় এক মতলব এলো, “আচ্ছা প্রতিদিন এরকম একটা করে ডিম না পেয়ে যদি একসাথে অনেক ডিম পেতাম! অর্থাৎ যদি রাজহংসীকে মেরে তার পেটটা কেটে ফেলি তাহলে তো অনেক ডিম একসাথে পেতে পারি।”

যেমন ভাবা তেমন কাজ আর কি! বোকা চাষী  
তৎক্ষণাৎ তার কাজ হাসিল করল। কিন্তু পেটের  
ভেতর থেকে সে একটাও সোনার ডিম পেল না।  
উল্টে তার মূল্যবান রাজহংসীকে চিরকালের মত  
হারিয়ে ফেলল।



নীতিকথা -যে বেশি আকাঙ্ক্ষা করে, সে সব  
হারায়। সুতরাং অল্পেতেই সন্তুষ্ট থাকা উচিত।